# শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর একাডেমিক কাউন্সিলের ৫ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো; মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি:, বেলা ১১:০০ টা। |

সভাপতি একাডেমিক কাউন্সিলের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইনস্টিটিউটে চলমান প্রশিক্ষণ কোর্সসমূহের তথ্য এবং কোর্স পরিচালনায় গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্য সভায় উপস্থাপন করেন। অত:পর একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব ও ইনস্টিটিউটের রেজিস্ট্রার জনাব মোঃ রফিকুল ইসলাম সভার কার্যপত্র উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | **৪র্থ সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের একাডেমিক কাউন্সিলের ৪র্থ সভা ১২-১২-২০২২ তারিখে ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী যথা সময়ে সদস্যবৃন্দের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধন/সংযোজন প্রস্তাব থাকলে উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনরুপ সংযোজন/ সংশোধনী প্রস্তাব না থাকায় ৪র্থ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। |
| ২। | **২০২৩-২০২৪ অর্থ বছরে গবেষণার বিষয় নির্ধারণ করার জন্য নির্ধারিত ৪টি বিষয়ের মধ্যে ১টি বিষয় নির্ধারণ বিষয়ক আলোচনা:**<br>সদস্য সচিব ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য গবেষণার বিষয় নির্ধারণের বিষয় সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ১০ আগষ্ট, ২০২৩ সকাল ১১.০০ ঘটিকায় ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর গবেষণার বিষয় নির্ধারণ সংক্রান্ত গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য চারটি বিষয়ের উপর গবেষণা সম্পাদনের বিষয়ে সুপারিশ করা হয়। গবেষণার বিষয় ০৪টি হল যথাক্রমে: ১। Impact and status of ICT based Training Programms of SHNIYD, ২। Impact and status of Training Programms (Non-ICT) of SHNIYD ৩। Capacity building /development of SHNIYD officials ৪। Impact of Skill gap on youth Unemployment & scope to SHNIYD। সভায় সম্মানিত সদস্যগণ গবেষণার বিষয় নির্ধারণ বিষয়ে বিশদ আলোচনা করেন। আলোচনায় গবেষণার বিষয় হিসেবে সদস্য সচিবের উপস্থাপনকৃত বিষয়সমূহের মধ্যে দ্বিতীয় বিষয়টি Impact and status of Training Programms (Non-ICT) of SHNIYD বিষয়টি কিঞ্চিৎ পরিমার্জন করে Impact and status of Training Programms of SHNIYD বিষয়টি ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য গবেষণার বিষয় নির্ধারণের বিষয়ে সভায় সদস্যগণ একমত পোষণ করেন। | ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য গবেষণার জন্য "Impact and status of Training Programms of SHNIYD" বিষয়টি নির্ধারণ করা হয়। | সহকারী পরিচালক (গবেষণা) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩। | **যুব ও যুবনারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নতুন কোর্স চালুকরণ সম্পর্কিত আলোচনা:**<br>সদস্য সচিব সভাকে জানান যে, যুব ও যুবনারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নতুন কোর্স চালু করা প্রয়োজন। এ লক্ষ্যে ইনস্টিটিউটের সদ্য যোগদানকৃত প্রভাষক, ইন্সট্রাক্টর এবং প্রশিক্ষণ শাখার সমন্বয়ে নতুন কোর্স চালুকরণের জন্য ৪টি বিষয়ে খসড়া মডিউল প্রণয়ন করা হয়েছে। সদস্য সচিব সভার সদস্যদের অবগতির উদ্দেশ্যে পাঠ্যক্রম সংশোধন/সংযোজনপূর্বক নিম্নবর্ণিত ০৪টি কোর্স বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করেন।<br><br>১। Housekeeping and Hospitality Management;<br>২। Ornamental Plant & Orchid;<br>৩। Fashion Design and Technology;<br>৪। AutoCAD and 3D<br><br>সভায় সদস্যগণ উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সম্মানিত সদস্য খোন্দকার মোঃ রুহুল আমীন, পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রতিটি পাঠ্যক্রমের মডিউলে মাদক, জঙ্গীবাদ এবং ইভটিজিং বিষয়ক সচেতনতামূলক পাঠদান অর্ন্তভুক্তিকরণের স্বপক্ষে মত ব্যক্ত করেন। বিপিএটিসির পরিচালক মো: আবুল বাশার জানান Housekeeping and Hospitality Management কোর্সের পাঠ্যক্রমে প্রাকটিক্যাল বিষয়ে কি কি অ্যাক্টিভিটিস অন্তর্ভুক্ত থাকবে মডিউলে উল্লেখ করা প্রয়োজন। সদস্যগণ আরো উল্লেখ করেন প্রতিটি কোর্সে "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শিরোনামে পাঠদান অন্তর্ভুক্তি করা প্রয়োজন। প্রতিটি কোর্সের জন্য পৃথক পৃথক পুর্ণাঙ্গ মডিউল প্রস্তুত করা প্রয়োজন। | ১. সভায় সর্বসম্মতিক্রমে<br>১। Housekeeping and Hospitality Management;<br>২। Ornamental Plant & Orchid;<br>৩। Fashion Design and Technology;<br>৪। AutoCAD and 3D<br>এর মডিউল অনুমোদন ও উল্লিখিত ৪ টি বিষয়ে বিভিন্ন মেয়াদি কোর্স চালু করার সুপারিশ করা হয়।<br><br>২. অনুমোদিত প্রতিটি কোর্সে "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" বিষয়ে পাঠদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. Housekeeping and Hospitality Management কোর্সে ব্যবহারিকের বিষয়বস্তু সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।<br>৪. প্রতিটি কোর্সের বিষয়ভিত্তিক ক্লাশ সংখ্যা উল্লেখ করে পাঠ্যক্রম পুন:বিন্যাস করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ০৪। | **প্রশিক্ষক পুল গঠন বিষয়ক আলোচনা:**<br>সদস্য সচিব উল্লেখ করেন, সম্প্রতি ইনস্টিটিউটে প্রশিক্ষক পুল গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে পত্র প্রেরণপূর্বক শিক্ষক/প্রশিক্ষক/গবেষকগণের নিকট হতে প্রাতিষ্ঠানিকভাবে এবং স্ব- স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত ও প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিবর্গের নিকট হতে প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন আহবান করা হয়েছিল। সে প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ের প্রশিক্ষকগণ আবেদন করেন। আবেদনকৃতদের তালিকা যাচাই বাছাই পূর্বক সম্মানিত সদস্যগণ বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রাপ্ত প্রশিক্ষণ পুল অনুসারে ব্যবস্থা গ্রহণ এবং তা নিয়মিতভাবে হালনাগাদের ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন। | উপস্থাপিত প্রশিক্ষণ পুল অনুসারে ব্যবস্থা গ্রহণ এবং তা নিয়মিতভাবে হালনাগাদের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৫। | **বিবিধ:**<br>**ক. ইনস্টিটিউটের কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা:**<br>সভায় সম্মানিত সদস্য জনাব খোন্দকার রুহুল আমিন, পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ইনস্টিটিউটের নিজস্ব ব্যবস্থাপনায় ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের ইনহাউস প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করেন।<br><br>**খ. ইন্টার্নশিপ বিষয়ে আলোচনা:**<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মোহা: লিয়াকত আলী, ইনস্টিটিউটের কোর্স সমূহের সাথে সংশ্লিষ্ট বিষয়ে ইন্টার্নশিপ এর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন। বিপিএটিসির পরিচালক মো: আবুল বাশার, ইনস্টিটিউটের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে ইন্টার্নশিপ করার বিষয়ে MoU করার বিষয়ে মতামত প্রদান করেন। | ক) ইনস্টিটিউটের কর্মকর্তা কর্মচারীদের নিজস্ব ব্যবস্থাপনায় ইনহাউস প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়।<br><br>খ) প্রশিক্ষণার্থীদের ইন্টার্নশিপ করানোর জন্য ঢাকা ও জেলা পর্যায়ের উপযুক্ত প্রতিষ্ঠানের সাথে MOU করার সুপারিশ করা হয়। | |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/১০/২০২৫

আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক
ও
সভাপতি
একাডেমিক কাউন্সিল
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট